

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১০৬

পর্ব-২০: শিকার ও যাবাহ প্রসঙ্গে (كتاب الصيد والذبائح)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - যেসব প্রাণী খাওয়া হালাল ও হারাম

بَابُ مَا يَحِلُّ أَكْلُهُ وَمَا يَحْرُمُ

আরবী

وَعَنْ أَبِي ثَعْلَبَةَ قَالَ: حَرَّمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لُحُومَ الْحُمُرِ الْأَهْلِيَّةِ

বাংলা

৪১০৬-[৩] আবু সালাবাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গৃহপালিত গাধার মাংস হারাম বলে ঘোষণা করেছেন। (বুখারী ও মুসলিম)[১]

ফুটনোট

[১] সহীহ : সহীহুল বুখারী ৫৫২৭, মুসলিম (১৯৩৬)-২৩, মুসনাদে আহমাদ ইবনু হাস্বাল ১৭৭৭০, নাসায়ী ৪৩৪২, ইরওয়া ২৪৮৫, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৮০০৫, ১৮০১১।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ অধিকাংশ 'উলামা এ মাস্তালার ব্যাপারে মতবিরোধ করেছেন। জামহুর সহাবায়ে কিরাম, তাবিংজি (রহিমাত্তুল্লাহ) ও তাদের পরবর্তী 'উলামা উল্লেখিত স্পষ্ট হাদীসগুলোর ভিত্তিতে গৃহপালিত গাধার গোশত খাওয়া হারাম বলেছেন। ইবনু 'আরবাস (রাঃ) বলেছেন, এটা হারাম নয়। ইমাম মালিক (রহিমাত্তুল্লাহ) হতে তিনটি বর্ণনা রয়েছে। তন্মধ্যে প্রসিদ্ধ মত হলো, গৃহপালিত গাধার গোশত মাকরুহে তানযীহী। দ্বিতীয় মত অনুযায়ী হারাম। তৃতীয় মত অনুযায়ী জায়িয়। তবে হারাম হওয়াটাই সঠিক। যেমনটা সহাবায়ে কিরামগণ স্পষ্ট একাধিক হাদীসের ভিত্তিতে সিদ্ধান্ত দিয়েছেন। (শারহুন নাবাবী ১৩শ খন্দ, হাঃ ১৯৩৬/২৩)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু সালাবাহ আল খুশানী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=74829>

৬ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন